



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2<sup>nd</sup> Term: Answer Work Sheet - 1

Class: 3



**Subject: Bengali Text: (কাঁচ)**

**Date: 13/5/20**

১। শব্দের অর্থ :-

ক) পাটালি = শুকনো গুড়ের বড়ো আকারের বরফি

খ) চাক্তি = চাকার আকারের বস্তু

গ) আবিষ্কার = নতুন কিছু উদ্ভাবন

ঘ) ক্ষার = সোডা

ঙ) শৌখিন = বিলাসী

২। বাক্যরচনা কর :-

ক) সদাগর = চাঁদ সদাগর বানিজ্য করতে গেছেন।

খ) বানিজ্য = আমাদের দেশ অন্য দেশের সঙ্গে বানিজ্য করে।

গ) ছোট্ট = ছোট্ট পাখির ছানাটি উড়তে পারছে না।

ঘ) রান্না = মা ভালো রান্না করেন।

ঙ) কাঁচ = কাঁচের জানালাটা বন্ধ করে দাও।

৩। শূন্যস্থান পূরণ কর :-

ক) সদাগর গেলেন বানিজ্য করতে।

খ) প্যালেস্টাইনের তীরের কাছে নদীর মুখে তার ছোট্ট জাহাজটিকে বাঁধল।

গ) সোডা, পটাশ, চুন এই সমস্তই নানারকমের ক্ষার।

ঘ) হাঁড়ি বসাবার জন্য পাথর পাওয়া গেল না।

ঙ) চুল্লির আঁচে শুধু বালি কখনো গলে না ।

৪। উত্তর লেখ :-

ক) সদাগর কোন দেশের তীরের কাছে নামলেন ?

উ) সদাগর প্যালেষ্টাইন দেশের তীরের কাছে নামলেন ।

খ) সদাগর কিসে চড়ে বানিজ্য করতে গেছিলেন ?

উ) সদাগর ছোট্ট জাহাজে চড়ে বানিজ্য করতে গেছিলেন ।

গ) রান্নার হাঁড়ি তারা কিসের উপর বসালো ?

উ) রান্নার হাঁড়ি তারা সোডা-স্কারের পাটালির উপর বসালো ।

ঘ) রান্নার শেষে চাক্তিগুলো তুলতে গিয়ে কী দেখেছিল ?

উ) রান্নার শেষে চাক্তিগুলো তুলতে গিয়ে তারা স্বচ্ছ পাথরের মতো জিনিস দেখেছিল ।

ঙ) বালি, চুন , পাথর আর স্কার মিশিয়ে জ্বাল দিলে কী তৈরি হয় ?

উ) বালি, চুন , পাথর আর স্কার মিশিয়ে জ্বাল দিলে কাঁচ তৈরি হয় ।

Manashi Chaudhuri